# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 02 April, 2025

চট্টগ্রামের লোহাগড়া এলাকায় সড়ক দুঘটনায় যে □□জন মারা গেছে তার মধ্যে শৈলকুপার বোয়ালিয়া গ্রামের স্বামী স্ত্রী দিলীপ কুমার এবং তার স্ত্রী সাধনা রানী রয়েছে।এ ঘটনায় বেচে গেছেন তাদের একমাত্র মেয়ে আরাধ্য ।এখবরে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।দিলীপ-সাধনার থাকতেন গাজিপুরে।

জানা জায়, একমাত্র মেয়ে আরাধ্যা, স্ত্রী সাধনা রানীসহ কয়েকজন নিকটা আত্মীয়কে নিয়ে কক্সবাজার যাচ্ছিলেন দিলীপ কুমার (৪২)।বুধবার ভোরে টঙ্গী থেকে কক্সবাজারের উদ্দেশ্যে রওনা দিলেও আনন্দের সেই যাত্রা থমকে যায় চট্টগ্রামের লোহাগাড়া উপজেলা চুনতি জাঙ্গালিয়া এলাকায়।সেখানে নিয়ন্ত্রণ হারানো একটি বাসের সঙ্গে তাদের বহনকারী মাইক্রোবাসের সংঘর্ষে মৃত্যু হয় দিলীপ কুমার, তার স্ত্রী সাধনা রানীসহ ১০ জনের।তবে এ ঘটনায় প্রাণ বেচে যায় দিলীপ-সাধনার একমাত্র মেয়ে আরাধ্যা (৬)।বর্তমানে তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

সড়ক দুর্ঘটনায় নিহত দিলীপ কুমার ও সাধনা রানী ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাচেরকোল ইউনিয়নের বড়-বোয়ালিয়া গ্রামের বাসিন্দা। এর মধ্যে দিলীপ ওই গ্রামের দুলাল বিশ্বাসের ছেলে।

বাবা-মা'র একমাত্র ছেলে দিলীপ কুমার।অন্য তিন বোন বিয়ের পর শ্বশুর বাড়িতে থাকেন।১৫ বছর ধরে গাজীপুর জেলার টঙ্গী এলাকার একটি বাইয়িং হাউজে চাকরি করতেন।কয়েক বছর পর নিজেই ছোট পরিসরে বাইয়িং হাউজ গড়ে তোলেন বলে জানায় এলাকাবাসী।

দিলীপের কাকাতো ভাই পলাশ কুমার বলেন, দিলীপ তার পরিবার নিয়ে প্রায়ই এলাকায় আসত।তার বাবা-মা কখনও ছেলের বাসায় আবার কখনও মেয়ের বাসায় থাকেন।তারা গ্রামে কম থাকেন।আমরা আনুমানিক ১১টার দিকে দুর্ঘটনার কথা শুনে খোঁজ নিয়ে জানতে পারি দিলীপ ও তার স্ত্রী মারা গেছেন।তাদের মেয়ে আরাধ্যা চিকিৎসা নিচ্ছে চট্টগ্রাম মেডিকেলে।

সড়ক দুঘটনা আহত নিহত স্বামী স্ত্রী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:50

URL: https://timestodaybd.com/public/khulna/236951756